

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর  
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।  
ওয়েব সাইট- [www.roc.gov.bd](http://www.roc.gov.bd)

স্মারক নং- এস-৫৫৪২// ১১২

তাং- ২০.০১.২০২০খ্রিঃ

বিষয়ঃ 'Darul Ihsan Trust' (নিবন্ধন নং এস-৫৫৪২) নামীয় সোসাইটির হালনাগাত সার্টিফাইড কপি প্রদান প্রসঙ্গে।  
সূত্রঃ DITEF/2016/06 তারিখঃ ০৮.১২.২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সোসাইটিজ রেজিস্ট্রেশন এক্ট-১৮৬০ এর অধীন এ পরিদপ্তরে গত ০২.০৪.২০০৬ তারিখে Darul Ihsan Trust নিবন্ধিত হয় যার নিবন্ধন নং এস-৫৫৪২। নিবন্ধন পরবর্তী ৩০.০৪.২০০৮, ৩১.০৩.২০০৯, ০৫.০৪.২০০৯ এবং সর্বশেষ দাখিলকৃত ০৩.০৮.২০০৯ তারিখের নির্বাহী কমিটির তালিকা ম্যানুয়াল পদ্ধতিতে রেকর্ডভুক্ত করা হয়েছে। সূত্রস্থ পত্রের মাধ্যমে দারুল ইহসান ট্রাস্টের হালনাগাদ ট্রাস্টির তালিকার সার্টিফাইড কপি চেয়েছেন। উল্লেখ্য যে, প্রত্যেক বছর বছর কমিটির তালিকা এবং বিশেষ প্রয়োজনে পরিবর্তিত কমিটির তালিকা ধারাবাহিকভাবে অত্র পরিদপ্তরে দাখিল করার বিধান থাকলেও ০৩.০৮.২০০৯ তারিখের পর অনলাইনে কোনো নির্বাহী কমিটির তালিকা দাখিল করেননি। তদুপরি মহামান্য হাইকোর্ট এর আদেশ অনুসারে অনলাইনে রেকর্ডকৃত ০৩.০৮.২০০৯ তারিখের নির্বাহী কমিটির তালিকার ধারাবাহিকতায় ২০১০ থেকে ২০১৯ পর্যন্ত নির্বাহী কমিটির তালিকা অনলাইনে সাবমিট করে নির্ধারিত ব্যাংকের মাধ্যমে যথাযথ ফি পরিশোধ করে আরজেএসসি কাউন্টারে কমিটির মূল তালিকা দাখিল করত; সার্টিফাইড কপি প্রদানে পদক্ষেপ গ্রহণে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: সিরাজ উদ্দিন)  
সহকারী নিবন্ধক  
নিবন্ধকের পক্ষে

২০/০১/২০২০

জনাব মোহাম্মদ ফাইয়ুল কবির,  
দারুল ইহসান ট্রাস্ট  
দারুল ইহসান কমপ্লেক্স, গনকবারি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।

স্মারক নং- এস-৫৫৪২/

তাং- ২০.০১.২০২০খ্রিঃ

অনুলিপিঃ(সদয় অবগতির জন্য)  
১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।]

(মো: সিরাজ উদ্দিন)  
সহকারী নিবন্ধক  
নিবন্ধকের পক্ষে